৪৭ বছরের পুরনো জুতার দাম ৩ কোটি টাকা!

নাইকি সম্প্রতি ৪৭ বছরের পুরনো একটি স্পোর্টস সু নিলামে তুলেছিল, যার দাম আগের সব রেকর্ডকে ছাপিয়ে গেছে। বিশ্বে এখনো পর্যন্ত নিলাম হওয়া পুরনো স্পোর্টস সু-র মধ্যে সবচেয়ে দামি এটি। সম্প্রতি নিউইয়র্কের সদবি অকশন হাউজে নিলাম হয় নাইকির এ স্পোর্টস সু।

অকশন হাউজ সূত্রে জানা গেছে, তিন কোটি টাকায় নাইকির স্পোর্টস সু কিনেছেন কানাডার বিজনেস টাইকুন মাইলস নাদাল। বিভিন্ন দুর্লভ জিনিস সংগ্রহে রয়েছে তার। সেই তালিকায় এবার সংযোজন হলো নাইকির এই স্পোর্টস সু।
নিলামে মাইলস মোট ১০০ জোড়া দুর্লভ জুতা কিনেছেন, যার মোট দাম পাঁচ কোটি ৮৬ লাখ টাকা। এগুলোর মধ্যে নাইকির স্পোর্টস সু ছিল সবচেয়ে দামি। ১৯৭২ সালে মিউনিখ অলিম্পিকসে ট্রায়ালের জন্য স্পোর্টস সু-র ডিজাইন করেছিলেন নাইকির কো-ফাউন্ডার ও ট্র্যাক অ্যান্ড ফিল্ড কোচ বিল বাওয়ারম্যান। সে সময় স্পোর্টস সু-র নাম রাখা হয়েছিল ‘মুন সু’।

মোট ১২ জোড়া মুন সু বানানো হয়েছিল অলিম্পিকস ট্রায়ালের জন্য। এর আগে ২০১৭ সালে প্রখ্যাত মার্কিন বাস্কেটবল খেলোয়াড় মাইকেল জর্ডনের জুতো এক কোটি তিন লাখ টাকায় নিলাম হয়েছিল। ১৯৮৪ সালের অলিম্পিকসের ফাইনালে ওই জুতা পরে খেলেছিলেন জর্ডন। ইন্টারনেট।